**Bhavan's Tripura Vidyamandir**

1st Periodic Assessment: (2025-2026)

**Class:- 9** | **Subject:- Bengali**
Time:- 2 Hours | Total:- 50 Marks
Name of the student : | Roll: Sec:

---

## ক-বিভাগ

**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ।** **১X৪=৪**

ধন বলতে ধান। কথাটা আজও সত্যি। ধানের সবচেয়ে বড়ো বন্ধু বৃষ্টি।মাটি দেয় ফসল, আকাশ জল। ফসল আর জলবৃষ্টির কামনা করেই লোকের সারা বছর কাটে।দেশি মতে আগে বছর শুরু হত জলবৃষ্টি আর ফসলের সময় থেকে। মাসের নাম আর ঋতুর নামের মধ্যে আজও তার স্মৃতিচিহ্ন খুঁজে পাওয়া যায়। আগে বছর আরম্ভ হয় অগ্রহায়ণে।'হায়ণ' মানে বছর।'অগ্রহায়ণ' মানে বছরের গোড়া।'হায়ণ' কথাটার আর এক মানে ফসল।বছরকে আমরা বলি 'বর্ষ'। জলবৃষ্টির সময় এককালে বছর শুরু হতো বলে মরশুমের নাম হয়েছিল 'বর্ষ'। এদেশের যত পালা-পার্বণ, উৎসব-আনন্দ সবকিছুরই মূলে রয়েছে চাষবাস। শহর ছাড়ালেই দুপাশে দেখা যাবে মাথার উপর দরাজ আকাশ। বাস-রাস্তার দু-ধারে বটপাকুড়,শাল, সেগুনের গাছ। তার ডালে দৃষ্টি মাঝে মাঝে আটকে যাবে। কালো কুচকুচে বাঁধানো রাস্তা। মাঝে মাঝে বাঁক নিয়ে সোজা সামনে চলে গেছে।

অ) কোন কথাটা আজও সত্যি?

i) ধান বলতে ধান ii) ধন বলতে ধান
iii) ধানের সবচেয়ে বড় বন্ধু বৃষ্টি iv) ধানের সবচেয়ে বড় বন্ধু রৌদ্র

আ)মরশুমের নাম বর্ষ কেন?

মন্তব্য (ক): বৃষ্টির সময় প্রাচীনকালে বছর শেষ হতো বলে।
মন্তব্য (খ): জলবৃষ্টির সময় এককালে বছর শুরু হতো বলে।
প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

i) মন্তব্য (ক) সঠিক হলেও মন্তব্য (খ) ভুল। ii) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক।
iii) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটিই গ্রহণযোগ্য। iv) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ)কোনটিই গ্রহণযোগ্য নয়।

ই) 'হায়ণ' কথাটার আরেক মানে কী ?

i) ধান ii) লাউ iii) ফসল iv) বছর

ঘ) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বার করো যার পদান্তর **'আকাশি'**

i) আকাশিত ii) আকাশ iii) আকৃষ্ট iv) আকাশের।

**২। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো।** **১X৬=৬**

অ) দেশের প্রচলিত ধর্ম কর্মে তার আস্থা ছিল না। **(অস্ত্যর্থক বাক্য)**
আ) সত্যি কথা বলতে দোষ নাই। **(প্রশ্নসূচক বাক্য)**
ই) শ্রদ্ধাবান ছাত্রকে সকলে ভালোবাসেন। **(নঞর্থক বাক্য)**
ঈ) অন্যায় হচ্ছে বুঝে থাকলে প্রতিবাদ করছ না কেন? **(অনুজ্ঞাসূচক বাক্য)**
উ) এ অতি সুকঠোর দন্ড তব। **(বিস্ময়সূচক বাক্য)**
ঊ) সে ছাড়া সকলেই কাঁদিল। **(নঞর্থক বাক্য)**

## খ-বিভাগ

**৩।পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ।** **১X৫=৫**

অ) " পঁয়ত্রিশ বছর পরিশ্রমের পর ইলিয়াসের কতগুলো ভেড়া ছিল?

i) পাঁচশো ii) একহাজার iii) আটশো iv) বারোশো

আ) " ইলিয়াসের তখন খুব বোলবোলাও।"- **'বোলবোলাও'** শব্দটির অর্থ কী ?

i) নাম-যশ ii) হাঁকডাক iii) অভাব iv) দুর্ভোগ

ই) মন্তব্য : "ইলিয়াসের সম্পত্তিতে টান পড়ল।"

কারণ : (ক)ইলিয়াস তার বিতাড়িত পুত্রকে একটা বাড়ি ও কিছু গোরু ও ঘোড়া ও দিয়েছিল।
কারণ :(খ) ইলিয়াসের বড়ো ছেলে মারামারিতে পড়ে মারা গিয়েছিল।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক ?

i) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল। ii) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।
iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক। iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

ঈ)" ইলিয়াস যেসব কথা অতিথিদের বলেছিল সেসব কথা কোথায় লেখা ছিল ?

i) রামায়ণে ii) মহাভারতে iii) পবিত্র গ্রন্থে iv) বাইবেলে

উ) ইলিয়াসের কত বছর বয়সে দুর্দশা চরমে ওঠে ?

i) পঞ্চাশ বছর বয়সে ii) ষাট বছর বয়সে

iii) চল্লিশ বছর বয়সে iv) সত্তর বছর বয়সে

**৪।**"ইলিয়াসের বাড়ি থেকে তাদের তাড়িয়ে দেওয়া হলো।" ইলিয়াস কাদের কেন তাড়িয়ে দিল ? **২**

**৫।** " বুড়ো-বুড়িকে রেখে মহম্মদ শারও লাভ হলো"

বুড়ো-বুড়িকে রেখে মহম্মদ শার কী লাভ হয়েছিল? **৩**

**৬।** ক) " সত্যি, ভাগ্য যেন চাকার মতো ঘোরে;"বক্তা কে, এবং কাকে উদ্দেশ্য করে কথাগুলো বলেছিলেন ? বক্তার এমন মন্তব্যের কারণ কী? **(২+৩)=৫**

***অথবা,***

খ) "পঞ্চাশ বছর ধরে সুখ খুঁজে খুঁজে এতদিনে পেয়েছি।" বক্তা কে এবং বক্তা কাদের উদ্দেশ্যে কথাগুলো বলেছিলেন ? আলোচ্য অংশটির মধ্য দিয়ে বক্তা কী বোঝাতে চেয়েছেন তা গল্পানুসারে লেখো।?

**৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।** **৫**

ক) "যে মানুষ গান গাইতে জানে না
যখন প্রলয় আসে সে বোবা ও অন্ধ হয়ে যায়।"

***অথবা,***

খ) "আর আকাশের ভয়ংকরকে শান্ত গলায় এই কথাটা জানিয়ে দাও – তুমি ভয় পাওনি।"

**৮।** ক) "যদি তুমি বৃষ্টি আমার মন্ত্র ভুলে যাও
তোমার স্বদেশ তাহলে মরুভূমি।"

মূল কাব্যগ্রন্থের নাম কী ? স্বদেশ কীভাবে মরুভূমিতে পরিণত হয় তা নিজের ভাষায় লেখো।

***অথবা,*** **(২+৩)=৫**

খ) " অন্ধকার এখনও তোমার বুকের ওপর
কঠিন পাথরের মতো, তুমি নিশ্বাস নিতে পারছ না।"

'তোমার' বলতে এখানে কার কথা বলা হয়েছে? সে নিশ্বাস নিতে পারছে না কেন?

## গ-বিভাগ

**৯। সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ।** **১X৫=৫**

অ) শাঁক আলুর গল্প কে করেছিলেন?

i) হরিহর ii) সর্বজয়া iii) ভূষণো গোয়ালা iv) নবীন পালিত

আ) মায়ের ডাক আর একবার কানে গেলেও দুর্গার তখন উত্তর দেওয়ার সুযোগ ছিল না কেন ?

i) দুর্গার মুখ ভর্তি ছিল জরানো আমের চাকলায়।

ii) দুর্গার মুখে ছিল আমলকির টুকরো।

iii) দুর্গা গোগ্রাসে কামরাঙ্গা খাচ্ছিল।

iv) দুর্গার মুখ ভর্তি ছিল পেয়ারার টুকরো।

ই) অপুর বইয়ের দপ্তরে কত সালের পুরাতনপাঁজি আছে ?

i) ১৫০৬সালের ii) ১২০৩ সালের iii) ১৭০৯ সালের iv) ১৩০৩ সালের

ঈ) মন্তব্য : "অন্যায় হইলেও কথা না শুনা তাহার সাহসে কুলায় না।"

কারণ: (ক) দুর্গা অপুকে যখন তখন বিনা কারণে প্রচন্ড শাসন ও আঘাত করে।

কারণ :(খ) দুর্গা বনজঙ্গল ঘুরে কুলটা, জামটা, নোনাটা আমড়াটা সংগ্রহ করে অপুকে লুকিয়ে খাওয়ায়।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক ?

i) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল। ii) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।

iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক। iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

উ) কালবৈশাখী ঝড়ের মধ্যে অপু কতগুলো আম কুড়িয়েছিল?

i) দুটো ii) চারটে iii) ছয়টা iv) দশটা

**১০।** ক) " প্রাগৈতিহাসিক যুগের অতিকায় হিংস্র জন্তুর কঙ্কালের মতো পড়িয়াছিল।" প্রাগৈতিহাসিক যুগের অধিকায় হিংস্র জন্তুর কঙ্কালের মতো কী কোথায় পড়েছিল? প্রাগৈতিহাসিকযুগ বলতে কী বোঝ? কে কখন সেটা দেখেছিল?

***অথবা,*** **(২+৩)=৫**

খ) "সর্বজয়া উদ্বিগ্নমনে বাড়ির মধ্যে ফিরিয়া আসিল।"

সর্বজয়া কখন উদ্বিগ্ন মনে বাড়ির মধ্যে ফিরে এল ? সে বাড়ি ফিরে আসার পর কী হয়েছিল?

**১১।** ক) তোমাদের বিদ্যালয়ের উদ্যোগে অনাথ আশ্রমের শিশুদের জন্য পাঠ্য সামগ্রী (বই, খাতা) বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয় ।এই বিষয়ে সংবাদপত্রে একটি বিজ্ঞপ্তি জারি করো। **৫**

***অথবা,***

খ) স্থানীয় একটি ক্লাবের সম্পাদক হিসেবে ক্লাব সদস্যদের কাছে একটি গরীব ছেলের চিকিৎসার জন্য সাহায্য চেয়ে সংবাদপত্রে একটি বিজ্ঞপ্তি জারি করো।